

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

ইনোভেশন টিমের ২০১৮-১৯ অর্থবছরের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ মাহমুদুল হক, যুগ্মসচিব  
সভার স্থান: কক্ষ নং-০২, ভবন নং-১১  
সভার তারিখ: ১০.০৪.২০১৯ সময়: বিকাল ৩:০০ ঘটিকা।  
সভার উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযোজনী 'ক'তে দেখা যেতে পারে।


০২। উপস্থাপন:

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী সঠিক তা দৃঢ়করণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

০৩। আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	মন্ত্রিপরিষদ বিভাগে নাগরিক সেবা উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভায় চাহিত পাওয়ার পয়েন্ট টেমপ্লেট মোতাবেক সফটকপি প্রস্তুত করে সদস্য সচিব সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং দুই-একটি সংশোধনী আনয়ন বিষয়ে সকলে একমত পোষণ করেন।	সংশোধিত আকারে পাওয়ার পয়েন্ট টেমপ্লেট প্রস্তুত করে সফটকপি নির্ধারিত সময়ের মধ্যে কেবিনেট ডিভিশন এবং a2i প্রোগ্রামের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম
৩.২	সভায় ইনোভেশন কার্যক্রমের আওতায় আয়োজিতব্য উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ কর্মশালা আয়োজন বিষয়ে আলোচনা হয়। সদস্য সচিব জানান যে, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টরসমূহে অংশগ্রহণকারীদের মনোনয়ন চাওয়া হয়েছে। মনোনয়ন প্রাপ্তির পর অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করা হবে।	সেক্টর হতে মনোনিত কর্মকর্তাগণের তালিকা প্রাপ্তির পর প্রশিক্ষণ কর্মশালার কর্মসূচি প্রণয়ন পূর্বক নথিতে উপস্থাপনের মাধ্যমে অনুমোদন গ্রহণ করতে হবে। বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।	সদস্য সচিব এবং জনাব শেখ মোঃ আব্দুর রহমান, সদস্য, ইনোভেশন টিম।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ মাহমুদুল হক)  
যুগ্মসচিব  
৩  
চীফ ইনোভেশন অফিসার